গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৫.১৯- ৫২৪

তারিখ : ১২ কার্তিক ১৪২৬
২৮ অক্টোবর ২০১৯

বিষয় : "দেশের দক্ষিণাঞ্চল (ঢাকা বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৪৮টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের যাচাই কমিটি সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পত্র নং-৫৮.০৩.০০০০.০০৫.১৪.১৮৮.১৯-১০১৪; তারিখ: ২৯/০৯/২০১৯ খ্রি:।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "দেশের দক্ষিণাঞ্চল (ঢাকা বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৪৮টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভা গত ২২/১০/২০১৯ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৮/১০/২০১৯
(মো: আতাউর রহমান)
যুগ্ম সচিব
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, স্থাপত্য ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (অগ্নি), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৬. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপপ্রধান, পরিকল্পনা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরনী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।
৫. মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "দেশের দক্ষিণাঞ্চল (ঢাকা বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৪৮টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ | : | ২২ অক্টোবর ২০১৯ খ্রি: |
| সময় | : | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক' তে উপস্থাপন করা হলো।

সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী দেশের প্রতিটি উপজেলায় কমপক্ষে একটি করে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্থাপনের উপর তিনি গুরুত্বারোপ করেন। তাছাড়াও সভাপতি বিভিন্ন শিল্পাঞ্চল, গ্রোথ এরিয়া, উপশহর, হাইওয়ে এবং ঘনবসতিপূর্ন এলাকায় ফায়ার স্টেশন স্থাপন করা প্রয়োজন মর্মে মতামত প্রদান করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে উপপ্রধান জানান যে, প্রস্তাবিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৮৭১৭২.০৩ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল নভেম্বর ২০১৯ হতে জুন ২০২২ পর্যন্ত। প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে ঢাকা বিভাগর গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৪৮টি (এ শ্রেণীর ৩০টি, বি শ্রেণীর ১৩টি, মর্ডাণ (এ শ্রেণী) ল্যান্ড কাম রিভার ২টি বি শ্রেণীর ল্যান্ড কাম রিভার ২টি, এবং মর্ডাণ ১টি) আধুনিক সাজ-সরঞ্জামে সমৃদ্ধ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন। প্রকল্পটি ২০১৯-২০২০ অর্থবছরের এডিপি'তে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত আছে।

০৩। আলোচ্য প্রকল্পের বিষয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, আলোচ্য প্রকল্পটির উদ্দেশ্য হচ্ছে অগ্নি প্রতিরোধ নিশ্চিত করা, দেশের বিস্তীর্ণ এলাকার জনগণের নিকট সেবা পৌঁছে দেয়া এবং অগ্নি দুর্ঘটনা এবং প্রাকৃতিক দুর্যোগ হতে জীবন ও সম্পদ এর ক্ষতি হ্রাস করা। এ লক্ষ্যে এ প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

০৪। আলোচনায় অংশ নিয়ে উপপ্রধান জানান যে, প্রকল্পের নাম পরিবর্তন করে প্রকল্পের উদেশ্যসমূহ সুনির্দিষ্ট এবং সুবিন্যস্ত করে লিপিবদ্ধ করা যেতে পারে। প্রকল্পের মেয়াদ নভেম্বর ২০১৯ হতে জুন ২০২২ এর পরিবর্তে মার্চ ২০২০ হতে জুন ২০২৩ পর্যন্ত করা যেতে পারে। প্রকল্পের স্থান নির্বাচনে সতর্কতা অবলম্বন প্রয়োজন। তাছাড়া গ্যাপ এরিয়া নির্বাচন বিজ্ঞানভিত্তিক GIS পদ্ধতি অনুসরণ করা যেতে পারে। উপ-প্রধান সভায় জানান, গাজীপুরে বর্তমানে ৫টি ফায়ার স্টেশন আছে, ১১টি মর্ডাণ ফায়ার স্টেশন প্রকল্পের আওতায় ৪টি মর্ডাণ ফায়ার স্টেশন নির্মাণ করা হবে। বর্তমান প্রকল্পে গাজীপুরে আরো ৬টি ফায়ার স্টেশন নির্মাণের প্রস্তাব করা হয়েছে যা সঠিক হবে না মর্মে প্রতিয়মান হয়। তাছাড়াও অন্যান্য কিছু স্থানে বিদ্যমান ফায়ার স্টেশনের খুব সন্নিকটে ফায়ার স্টেশনের প্রস্তাব দেয়া হয়েছে, যা যৌক্তিক নয়। কেরাণীগঞ্জ জেলখানায় ফায়ার সার্ভিস স্টেশনের জন্য জমি অধিগ্রহণের পরিবর্তে কারা অধিদপ্তরের

নিকট হতে জমি চাওয়া যেতে পারে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। গ্যাপ এরিয়া নির্বাচনে বর্তমান স্টেশনের স্থান এবং রোড নেটওয়ার্ক এর GIS map প্রণয়ন এবং Proximity নির্ধারণ করে নির্বাচন করা যেতে পারে। আসবাবপত্র ও তৈজসপত্র (৫০৮.৪১ লক্ষ), অফিস সরঞ্জাম (১৯০.০০ লক্ষ), জীপ (৯০.০০ লক্ষ), স্টাডি ট্যুর (১০০.০০ লক্ষ), প্রশিক্ষণ (৩৮৪.০০ লক্ষ), নিবন্ধন ফি (১০০.০০ লক্ষ), বেতার টাওয়ার স্থাপন (৬০.০০ লক্ষ), ওয়াকিটকি (১৭২.৮০ লক্ষ), বেতার সরঞ্জাম (৭২.০০ লক্ষ) খাতের ব্যয় যৌক্তিকভাবে হ্রাস করে নির্ধারণ করা যেতে পারে। ল্যান্ড কাম রিভার স্টেশন সমূহের স্থান নির্বাচনে সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। তাছাড়া প্রস্তাবিত স্টেশনসমূহের জন্য পরবর্তিতে কি পরিমান জনবল প্রয়োজন হবে এবং ল্যান্ড কাম রিভার স্টেশনের জন্য ডুবুরি ইউনিটের জন্য কি পরিমাণ জনবল প্রয়োজন হবে তা ডিপিপি'তে উল্লেখ করা প্রয়োজন। তিনি আরো জানান যে, প্রকল্পের পটভূমিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি এবং বিগত পাঁচ বছরের অগ্নি ও অন্যান্য দূর্ঘটনা সংক্রান্ত তথ্য এবং উদ্ধার সংক্রান্ত তথ্য সন্নিবেশ করা যেতে পারে। যন্ত্রপাতির তালিকায় অধিকসংখ্যক লেডার, মিনি মাল্টিপারপাস ওয়াটার/ফোম টেন্ডার অন্তর্ভুক্ত করা যেতে পারে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের যন্ত্রপাতির Specification প্রণয়নে সতর্কতা অবলম্বন প্রয়োজন মর্মে তিনি মতামত প্রদান করেন। ইউরোপিয়ান দেশ হতে অগ্নি নিয়ন্ত্রণ সংক্রান্ত যন্ত্রপাতি ক্রয় করা সমীচীন হবে মর্মে তিনি জানান। অর্থ বিভাগের জনবল নির্ধারণী কমিটির সুপারিশ গ্রহণ প্রয়োজন। ডিপিপি'র ফন্ট সাইজ বড় ও স্পষ্ট করা, হিসাবজনিত এবং মুদ্রনজনিত ভুলত্রুটি সংশোধন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়।

০৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জানান যে, আদাবর থানা এলাকা এবং পাশ্ববর্তী বসিলা এলাকায় বিপুল জনবসতি গড়ে উঠেছে। কিন্তু এ সব এলাকায় কোন ফায়ার স্টেশন নেই। দূরবর্তী মোহাম্মদপুর ফায়ার স্টেশন হতে এ সব এলাকায় অগ্নি নির্বাপন কার্যক্রম গ্রহণ করা হয় যা তাৎক্ষনিক চাহিদা মটাতে সক্ষম নয়। এ কারনে আদাবর থানা এলাকায় একটি ফায়ার স্টেশন স্থাপন করা আবশ্যক মর্মে তিনি মতামত ব্যক্ত করেন। সভাপতি জানান যে, বিমান বন্দর এলাকার উল্টোদিকে হজ্ব ক্যাম্পের নিকটবর্তী স্থানে ১টি এবং পূর্বাচলে তিনটি ফায়ার স্টেশন নির্মাণ করা যেতে পারে। অপরদিকে গাজীপুর হতে কিছু ফায়ার স্টেশন বাদ দেয়া যেতে পারে। সভার সকল সদস্য এসকল মতামতের বিষয়ে ঐকমত্য পোষণ করেন।

০৬। সভাপতি বর্তমানে যে ফায়ার স্টেশনসমূহ রয়েছে বিভাগ ওয়ারী GIS Map করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া, তিনি আরো উল্লেখ করেন যে, পদ্মা সেতুর পার্শ্বে কি ধরনের স্থাপনা হবে উক্ত প্রকল্পের মাস্টার প্ল্যান সংগ্রহ করে সে অনুযায়ী ফায়ার স্টেশন স্থাপন করার পরিকল্পনা করতে হবে। এছাড়া, সভাপতি ঢাকা শহরে যেসব এলাকায় জমি পাওয়া যাবে এমন জায়গা নির্বাচনের মাধ্যমে ফায়ার স্টেশন স্থাপনের উপর গুরুত্ব প্রদান করেন।

০৭। <u>বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়</u> :

(৭.১) প্রকল্পের নাম সংশোধন করে "ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ স্থানে ৪৮টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্প নামকরণ করা;

(৭.২) প্রকল্পের উদ্দেশ্যসমূহ সুনির্দিষ্ট এবং সুবিন্যস্ত করে লিপিবদ্ধ করা;

(৭.৩) প্রকল্পের মেয়াদ মার্চ ২০২০-জুন ২০২৩ পর্যন্ত পুণ:নির্ধারণ করা;

(৭.৪) প্রকল্পের স্থান নির্বাচনে সতর্কতা অবলম্বন করা এবং গ্যাপ এরিয়া নির্বাচন বিজ্ঞানভিত্তিক GIS পদ্ধতি অনুসরণ করা;

(৭.৫) গাজীপুরে ফায়ার স্টেশন নির্মাণের সংখ্যা যৌক্তিকভাবে নির্ধারণ করা;

(৭.৬) কেরাণীগঞ্জ জেলখানা সংশ্লিষ্ট ফায়ার সার্ভিস স্টেশনের জমি অধিগ্রহণের বিষয়ে কারা অধিদপ্তর কর্তৃক জমি প্রদানের জন্য অনুরোধ করা;

(৭.৭) আসবাবপত্র ও তৈজসপত্র, অফিস সরঞ্জাম, জীপ, স্টাডি ট্যুর, প্রশিক্ষণ, নিবন্ধন, বেতার টাওয়ার স্থাপন, ওয়াকিটকি, বেতার সরঞ্জাম খাতের ব্যয় যৌক্তিকভাবে হ্রাস করে নির্ধারণ করা;

(৭.৮) প্রকল্প শেষে স্টেশন সমূহ চালানোর জন্য এবং ল্যান্ড কাম রিভার স্টেশনের জন্য ডুবুরি ইউনিটের জন্য কি পরিমাণ জনবল প্রয়োজন হবে তা ডিপিপি'তে উল্লেখ করা;

(৭.৯) প্রকল্পের পটভূমিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি এবং বিগত পাঁচ বছরের অগ্নি ও অন্যান্য দুর্ঘটনা সংক্রান্ত তথ্য এবং উদ্ধার সংক্রান্ত তথ্য সন্নিবেশ করা;

(৭.১০) যন্ত্রপাতির তালিকায় অধিকসংখ্যক লেডার, মিনি মাল্টিপারপাস ওয়াটার/ফোম টেন্ডার (৪০০ লিটার) অন্তর্ভুক্ত করা ;

(৭.১১) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের যন্ত্রপাতির Specification প্রণয়নে সতর্কতা অবলম্বন করা ;

(৭.১২) অর্থ বিভাগের জনবল নির্ধারণী কমিটির সুপারিশ গ্রহণ করা ;

(৭.১৩) ভূমি অধিগ্রহণের কাজকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে প্রকল্পের প্রথম বছরে একযোগে নির্ধারিত সমুদয় স্টেশনের ভূমি অধিগ্রহণের কাজ শুরু করা;

(৭.১৪) ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে মৌজা রেইট অনুসারে ব্যয় যৌক্তিককরণ করা। মৌজা রেইট সংগ্রহ করার বিষয়ে প্রয়োজনে মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগের সহযোগিতা নেয়া;

(৭.১৫) নির্মাণ শেষে স্টেশনগুলোকে চালু করার জন্য প্রয়েজনীয় জনবল নিয়োগ এবং স্টেশনগুলোর রক্ষণাবেক্ষণের বিষয়ে বিস্তারিত পরিকল্পনা ডিপিপি'তে সংযোজন করা;

(৭.১৬) আদাবর থানা সংশ্লিষ্ট এলাকায় বিপুল জনবসতি গড়ে উঠেছে বিধায় আদাবর থানা এলাকায় একটি ফায়ার স্টেশন স্থাপন করা; তাছাড়া, হজ্ব ক্যাম্পের নিকটবর্তী স্থানে ১টি ও পূর্বাচল এলাকায় আরো ৩টি ফায়ার স্টেশন অন্তর্ভুক্ত করা;

(৭.১৭) বর্তমানে যে ফায়ার স্টেশনসমূহ রয়েছে বিভাগ ওয়ারী GIS Map প্রণয়ন করা;

(৭.১৮) পদ্মা সেতুর পার্শ্বে কি ধরনের স্থাপনা হবে উক্ত প্রকল্পের মাস্টার প্ল্যান সংগ্রহ করে সে অনুযায়ী ফায়ার স্টেশন স্থাপন করার পরিকল্পনা করা;

(৭.১৯) ডিপিপি'র মুদ্রণ ও হিসাব জনিত ত্রুটি বিচ্যুতি এবং বানান সংশোধন করা এবং ফন্ট সাইজ বড় করা।

০৮। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-১

২২ অক্টোবর ২০১৯ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত প্রস্তাবিত "দেশের দক্ষিণাঞ্চলের (ঢাকা বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৪৮টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের ডিপিপি চূড়ান্তকরণের লক্ষ্যে অভ্যন্তরীণ যাচাই কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | সৈয়দ আবদুল মমিন<br>অতিরিক্ত সচিব | সুরক্ষা সেবা বিভাগ | 01916-044166 | |
| ২. | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব | সুরক্ষা সেবা বিভাগ | ০১৭১৫-০৫৫৪৭১ | |
| ৩. | মল্লিক সাঈদ মাহবুব | সুরক্ষা সেবা বিভাগ | 01712773232 | |
| ৪. | মো: মিজানুর রহমান<br>উপ-সচিব | SSD | 01754191151 | |
| ৫. | ব্রি: জে: সাজ্জাদ | FSCD | 01730002321 | |
| ৬. | লে: কর্নেল জুলফিকার | FSCD | 01713145070 | |
| ৭. | মুহম্মদ মশিউর রহমান খোকন<br>নির্বাহী প্রকৌশলী, [illegible]-৪ | PWD | 01715005611 | |
| ৮. | শিরিন আখতার<br>সি: সহ: প্রধান | সুসেবি | 01716323838<br>38 | |
| ৯. | মো: আকরাম হোসেন<br>উপ পরিচালক (পরিকল্পনা সেল)<br>(ভারপ্রাপ্ত) | FSCD | 01714303118 | |
| ১০. | বিশ্বজিৎ বড়ুয়া<br>সহ: প্রধান স্থপতি | DOA | 01772500800 | |
| ১১. | | | | |
| ১২. | | | | |